



জেলা পরিষদ  
নারায়ণগঞ্জ  
www.zpnarayananganj.gov.bd

স্মারক নং: জেঃপঃনাঃগঞ্জঃ/০৬সাঃপ্রশাঃ/২০১৯-২০২০/৬৪৬

১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখঃ-----  
০১ জুলাই ২০২৫ খ্রি:


**“জুলাই গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রস্তাব আহ্বান”**

নারায়ণগঞ্জ জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনায়/উদ্যোগে ছাত্র জনতার গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে ‘জুলাইয়ের চেতনায় উদ্ভুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মান’ লক্ষ্য নিয়ে জাতি গঠনে তরুণদের সরাসরি অংশগ্রহণে জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর আওতায় একটি ‘আইডিয়া প্রতিযোগিতা’ এর আয়োজন করা হয়েছে। এবারের প্রতিপাদ্য: “আমার চোখে জুলাই বিপ্লব”। প্রতিযোগিতায় অংশগ্রহণ করার লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত/নিয়মাবলী পালন সাপেক্ষে আইডিয়া জমা প্রদান করা যাবে।।

আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশ গ্রহণ করতে পারবেন:	আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদণ্ড):	আইডিয়া জমা দেওয়ার তারিখ ও জমা দেওয়ার স্থান:
<ul style="list-style-type: none"><li>১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;</li><li>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;</li><li>যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;</li><li>শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;</li><li>নারী সদস্যগণ অগ্রাধিকার পাবে;</li></ul>	<ul style="list-style-type: none"><li>১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজীতে) অবশ্যই উল্লেখ করতে হবে;</li><li>আইডিয়ার শিরোনাম;</li><li>আইডিয়ার ভূমিকা;</li><li>আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;</li><li>আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;</li><li>সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;</li><li>প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);</li><li>কাজ্জিত ফলাফল;</li><li>গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা; এবং</li><li>দেশীয় সাংস্কৃতির সাথে সামঞ্জস্যতা;</li></ul>	<ul style="list-style-type: none"><li>আইডিয়া জমা/দাখিলের তারিখ: ০১-৮ জুলাই ২০২৫ পর্যন্ত;</li><li>প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই, ২০২৫খ্রি;</li><li>চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫খ্রি;</li><li>প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫খ্রি;</li><li>আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫খ্রি;</li><li>আইডিয়া জমা/দাখিলে স্থান জেলা পরিষদ কার্যালয়, নারায়ণগঞ্জ;</li><li>(সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) সরাসরি অথবা অনলাইনের মাধ্যমে ই-মেইল (<a href="mailto:zpnarayananganj@gmail.com">zpnarayananganj@gmail.com</a>) এ প্রেরণ করা যাবে;</li></ul>


সম্ভাব্য আইডিয়ার উদাহরণ: ১) দেয়ালচিত্র ২) পথ নাটক বা মঞ্চনাটক ৩) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র ৪) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম ৫) উদ্যোক্তা মেলা, স্থানিক শিল্প প্রদর্শনী ৬) স্কিল কম্পিটিশন/প্রতিভা আন্বেষণ ৭) বর্জ্য-শূন্য অভিযান ৮) গ্রীন স্কুল (Green school) ক্লিন স্কুল (Clean school) কার্যক্রম ৯) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোন ধারণা (আইডিয়া)।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণ আইডিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর ওয়েব সাইটে [www.zpnarayananganj.gov.bd](http://www.zpnarayananganj.gov.bd) - তে পাওয়া যাবে।

  
০১/৭/২০২৫  
(হোসনে আরা বেগম)  
নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ  
ই-মেইল: [zpnarayananganj@gmail.com](mailto:zpnarayananganj@gmail.com)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে/বহুল প্রচার করার জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ০৪। প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ;
- ০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/শিক্ষা প্রকৌশল, অধিদপ্তর নারায়ণগঞ্জ;
- ০৬। উপপরিচালক, সমাজসেবা/মহিলা বিষয়ক অধিদপ্তর, নারায়ণগঞ্জ;
- ০৭। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ;
- ০৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নারায়ণগঞ্জ;
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর/সোনারগাঁও/ রূপগঞ্জ/বন্দর/আড়াইহাজার, নারায়ণগঞ্জ;এবং
- ১০। নোটিশ বোর্ড।

  
১/৭/২০২৫  
(হোসনে আরা বেগম)  
নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ